

স্মারক নং- ৪৬.০২.০০০০.৬১১.১৮.০০১.১১.৩৯০


তারিখঃ ০৪/০৮/২০২২ইং

অফিস আদেশ

এলজিইডি'র নিজস্ব জিআইএস ডাটাবেজের সুরক্ষা ও জিআইএস সংশ্লিষ্ট কার্যক্রমের সুষ্ঠু সমন্বয় নিশ্চিত করার জন্য নিম্নরূপ নিয়মাবলী যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশ দেওয়া হলোঃ

- ১) এলজিইডি'র কোনো প্রকল্প বা ইউনিটের আওতায় জিআইএস তথ্যের সফটকপি ব্যবহারের প্রয়োজন হলে তা প্রধান প্রকৌশলীর অনুমোদনক্রমে জিআইএস সেকশন থেকে সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক বা ইউনিট প্রধান সংগ্রহ করবেন। ডাটার গোপনীয়তা বজায় রেখে কাজ সম্পাদন করতে হবে। জিআইএস সেকশন থেকে সরাসরি কোনো পরামর্শক বা প্রতিষ্ঠানকে ডাটা সরবরাহ করা যাবে না।
- ২) এলজিইডি'র কোনো প্রকল্পে জিআইএস সংক্রান্ত কোনো কার্যক্রম থাকলে জিআইএস সেকশনের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
- ৩) এলজিইডি'র সকল প্রকল্প ও ইউনিটের আওতায় সম্পাদিত জিআইএস সংক্রান্ত কাজের Output জিআইএস সেকশনে সংরক্ষিত থাকবে, যাতে পরবর্তীতে উক্ত ডাটা প্রাতিষ্ঠানিকভাবে এলজিইডি'র কাজে ব্যবহার করা যায়। তথ্য জমাদানের বিষয়টি সংশ্লিষ্ট দপ্তর প্রধান নিশ্চিত করবেন।
- ৪) প্রকল্পের কাজ সমাপ্ত হলে প্রকল্প পরিচালক প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রণয়নের সময় প্রকল্পের আওতায় উন্নয়নকৃত অবকাঠামোর তথ্য কেন্দ্রীয় জিআইএস ডাটাবেজে সংযুক্ত করার ব্যবস্থা নিবেন। ~~এবং PCR এর একটি সফট কপি জিআইএস সেকশনে সংরক্ষণ করতে হবে।~~

এ নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে।



(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২

ই-মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ----- (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ----- (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক ----- (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।